

খাতওয়ারী নভেম্বর ২০১৭ সালের সাফল্য- বাংলাদেশ কোস্ট গার্ড বাহিনী

১। সর্বমোট অর্জন। বাংলাদেশ কোস্ট গার্ড বাহিনী নভেম্বর ২০১৭ এ সর্বমোট ১০৮ কোটি ৪১ লক্ষ ৮৮ হাজার ৩৪৪ টাকার সাফল্য অর্জন করে।

২। চোরাচালান, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ ও বনজ সম্পদ রক্ষা অভিযানে আটককৃত উল্লেখযোগ্য সাফল্য। গত ২৮ নভেম্বর ২০১৭ গোপন সংবাদের ভিত্তিতে কোস্ট গার্ড বাহিনী পশ্চিম জোন বিশেষ অভিযান পরিচালনার মাধ্যমে একটি ফিশিং টেলার তলমিষি করে চোরাচালানকৃত অবৈধ ২১,১৬৬ পিস শাড়ি, ২০২ পিস লেহেঙ্গা ও ৭৭৭ পিস শাল আটক করে যার আনুমানিক মূল্য টাকা ১৭ কোটি ৭৫ লক্ষ ১৩ হাজার ৫০০ টাকার। এছাড়াও নভেম্বর ২০১৭ মাসে চোরাচালান, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ ও বনজ সম্পদ রক্ষা অভিযানে সর্বমোট ১৯ কোটি ২৩ লক্ষ ১৪ হাজার ৩৪৪ টাকার অবৈধ পণ্য আটক করা হয়। আটককৃত বিভিন্ন দ্রব্যের বিবরণ নিম্নরূপঃ

ক্রমিক	আটককৃত মালামাল	পরিমাণ	মূল্য (টাকা)
চোরাচালান পণ্য			
১।	বার্খিং হাউজার/ওয়্যার রোপ	৩০০ মিটার	৫,৫০,০০০/০০
২।	শাড়ি	২১,১৬৬ পিস	১৬,৯৩,২৮,০০০/০০
৩।	শাল	৭৭৭ পিস	১১,৬৫,৫০০/০০
৪।	লেহেঙ্গা	২০২ পিস	২০,২০,০০০/০০
৫।	ড্রাই ফিস	১,০০০ কেজি	৩,৮০,০০০/০০
৬।	ড্রাই শার্ক	১,০০০ কেজি	৫,০০,০০০/০০
৭।	কাঁকড়া	২,০৩০ কেজি	১০,১৫,০০০/০০
৮।	পাংগাস পোনা	২৩০ কেজি	৩৪,৫০০/০০
৯।	অন্যান্য (চারু, কচ্ছপ, ডিজেল, টিন, সোলার, ব্যাস্ক, ড্রাম, ব্যাসলিন, শ্যাম্পু, ক্রিম, চকলেট, ডেইলি মিক্স)	-	৫,০৭,০০৪/০০
মাদকদ্রব্য			
১।	ইয়াবা	৪,৫৩০ পিস	২২,৬৫,০০০/০০
২।	বিভিন্ন ধরনের বিয়ার	১,১৭৯ ক্যান	৬,৬০,০০০/০০
৩।	হেরোইন	১৫০ গ্রাম	১৫,০০,০০০/০০
৪।	নগদ টাকা	-	৭৮,৪৯০/০০
৫।	গাঁজা	১,০৩০ গ্রাম	২০,৬০০/০০
বনজ সম্পদ			
১।	বিভিন্ন প্রকার কাঠ	৪,৪০৫ ঘনফুট	৩৯,৩৯,০০০/০০
পরিবেশ রক্ষা			
১।	পলিথিন	৬,০৭৫ কেজি	৯,১১,২৫০/০০
আটককৃত বাহন			
১।	বোট/ট্রাক	০৫ টি	৭৪,৪০,০০০/০০
আটককৃত জনবল			
১।	বনদস্যু/ডাকাত/অন্যান্য অবৈধ কাজে জড়িত ব্যক্তি	৪৫ জন	-
সর্বমোট			১৯,২৩,১৪,৩৪৪/০০

৩। মৎস্য সম্পদ রক্ষা অভিযান। মৎস্য সম্পদ রক্ষা অভিযানে নভেম্বর ২০১৭ মাসে সর্বমোট ৮৯ কোটি ১৮ লক্ষ ৭৪ হাজার টাকার ১,৮১,৮৭,৫০০ মিটার কারেন্ট জাল, ২৭,৯৫,১৫০ মিটার অন্যান্য জাল, ৩০৯ পিস বেহুন্দি/ মশারি জাল, ১৬,৭৯৫ কেজি জাটকা, ১,৩৭০ কেজি রেনু পোনা, ৩১ টি বোট ও ১৩১ জন জেলেকে আটক করা হয়।

৪। রোহিঙ্গা অনুপ্রবেশ রোধ। সম্প্রতি মায়ানমারের বর্ডার গার্ড পুলিশ ও রোহিঙ্গাদের মধ্যে সৃষ্ট অস্থিরতার প্রেক্ষিতে বাংলাদেশ কোস্ট গার্ড বাহিনীর স্টেশান টেকনাফ, সেন্টমার্টিন্স ও আউটপোস্ট বাহারছড়া ও শাহপুরীতে অতিরিক্ত জনবল মোতায়েন করা হয়েছে। পাশাপাশি উক্ত স্থানসমূহে সর্বোচ্চ প্রস্তুতি অবলম্বনের মাধ্যমে সার্বক্ষণিক বিশেষ টহল চলমান রয়েছে। এছাড়াও, কোস্ট গার্ড বাহিনী বহরে সদ্য সংযোজিত লিডার ক্লাস অফশোর পেট্রোল ভেসেল (ওপিভি) সমূহ এ কার্যক্রমে নিয়োজিত রয়েছে। কোস্ট গার্ড বাহিনী দায়িত্বপূর্ণ এলাকায় টহল জোরদার করেছে এবং উক্ত এলাকায় অবৈধ অনুপ্রবেশকারীদের গতিবিধির উপর কঠোর নজরদারি বজায় রেখে অবৈধ অনুপ্রবেশ রোধ করা হচ্ছে। বাংলাদেশ কোস্ট গার্ড বাহিনী কর্তৃক নভেম্বর ২০১৭ মাসে মোট ১,০২২ জন রোহিঙ্গাকে মায়ানমারে ফেরত পাঠানো/আটক করে যথাযথ কর্তৃপক্ষের নিকট হস্তান্তর করা হয়েছে। এছাড়াও কোস্ট গার্ড বাহিনী কর্তৃক বিভিন্ন এলাকা হতে ০৩ জন দালালকে আটক করে পুলিশের কাছে হস্তান্তর করা হয়েছে।

৫। অবৈধভাবে সমুদ্রসীমা অতিক্রমকারী বিদেশী নাগরিক/ মৎসজীবীদের পরিসংখ্যান। নভেম্বর ২০১৭ মাসে বাংলাদেশ কোস্ট গার্ড বাহিনী কর্তৃক অবৈধভাবে সমুদ্রসীমা অতিক্রমকারী বিদেশী নাগরিক/ মৎসজীবী আটক করা হয় নাই।